

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ২৮৮

তারিখ: ২৬ অক্টোবর, ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ASYCUDA World সিস্টেমে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

সূত্রঃ

- ক) জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৬৩ তারিখঃ ২৩/০৯/২০২৬ইং।
খ) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর নথি নং-৫(১৩)০৩/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২৫/৬৩৯২(১) তারিখঃ ১৭/১০/২০২৬ইং।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। ASYCUDA World সিস্টেমে ইতিমধ্যে IM4, IM7 এর আওতাধীন সকল পর্যায়ের আমদানিকারকের বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলকালে AIN, BIN ট্যাগিং বাধ্যতামূলক করা হয়েছে। এই প্রক্রিয়া অনুসরণপূর্বক <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে রপ্তানির লক্ষ্যে রপ্তানিকারকের আবেদনক্রমে সকল পর্যায়ের রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং আবেদন গ্রহণ, অনুমোদন ও ASYCUDA World এ ট্যাগিং কার্যক্রম গত ১লা অক্টোবর, ২০২৬ তারিখে শুরু হয়েছে এবং ৩১ অক্টোবর, ২০২৬ তারিখ পর্যন্ত চালু থাকবে। উক্ত সময়ের পর মনোনীত AIN ও BIN ব্যতিত কোন কার্যক্রম সম্পাদন করা যাবে না।

বর্ণিত প্রেক্ষাপটে ASYCUDA World সিস্টেমে রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং সম্পন্ন করণের কর্ম পদ্ধতি বর্ণনা পূর্বক জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সুত্রোক্ত 'ক' সার্কুলারটি জারী করেছে এবং বর্ণিত সময়ের মধ্যে ট্যাগিং কার্যক্রম সম্পাদন করার অনুরোধ জানিয়ে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) কর্তৃক সুত্রোক্ত 'খ' বিজ্ঞপ্তিটি জারী করেছে।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে সার্কুলারগুলো সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে (০২ পাতা)।



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION


বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

D:\Riaz\2026\CIRCULAR-2026.doc

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd

Regional Office: BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org



একই তারিখ ও সারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরে বাংলা
নগর, ঢাকা-১২০৭
কাস্টমস: অটোমেশন শাখা
<https://nbr.gov.bd>



স্মারক নম্বর: ০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৬৩

তারিখ: ৮ আশ্বিন ১৪৩৩
২৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: ASYCUDA World সিস্টেমে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম চালুকরণ।

সূত্র: কাস্টমস হাউস আইসিডি চট্টগ্রাম এর পত্র নং-এস/এসটার/০৪/বিবিধ/২০২৬/৫৫৬ (কাস), তারিখ: ২০/০৭/২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ASYCUDA World সিস্টেমে Self Clearance-এর জন্য নিয়োজিত AIN-এর বিপরীতে AIN এন্ট্রির প্রাক্কালে অথবা তৎপরবর্তীকালে ০১ (এক)টি BIN Binding করার সুযোগ রয়েছে। উক্ত BIN Binding-এর ফলে সংশ্লিষ্ট Self Clearance AIN ব্যবহার করে কেবলমাত্র Bindingকৃত BIN-এর আমদানি-রপ্তানি চালান প্রসেসিংয়ের সুযোগ রয়েছে। বিদ্যমান ব্যবস্থায় একই AIN-এর বিপরীতে ০২ (দুই) বা ততোধিক BIN Binding করার সুযোগ নেই। ফলে উক্ত পদ্ধতিতে পৃথক কোনো বুঁকি ব্যবস্থাপনা ব্যবস্থা গ্রহণ ব্যতিরেকেই Self Clearance AIN-এর মাধ্যমে ০১ (এক)টি মাত্র BIN-এর আমদানি-রপ্তানি কার্যক্রম নিয়ন্ত্রণ করা সম্ভব।

০২। উল্লেখ্য, ASYCUDA World সিস্টেমে ইতোমধ্যে IM4, IM7 এর আওতাধীন সকল পর্যায়ের আমদানিকারকের বিপরীতে বিল অব এন্ট্রি দাখিলকালে AIN, BIN ট্যাগিং বাধ্যতামূলক করা হয়েছে। একই প্রক্রিয়া অনুসরণপূর্বক <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে রপ্তানির লক্ষ্যে রপ্তানিকারকের আবেদনক্রমে সকল পর্যায়ের রপ্তানিকারকের BIN এর বিপরীতে AIN ট্যাগিং আবেদন গ্রহণ, অনুমোদন ও ASYCUDA World সিস্টেমে ট্যাগিং কার্যক্রম চালুর নীতিগত সিদ্ধান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত হয়েছে। রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং সম্পন্নকরণে নিম্নবর্ণিত কর্ম পদ্ধতি অনুসৃত হবে:

(ক) রপ্তানিকারকগণ তাঁদের BIN ও e-VAT সিস্টেমে BIN এর বিপরীতে নিবন্ধিত মোবাইল নম্বর এবং মোবাইল নম্বরে প্রেরিত OTP ব্যবহার করে <https://bdcams.bdcustoms.gov.bd>-এ লগ-ইন সম্পন্ন করবেন। লগ-ইনের পর যে সকল কাস্টমস হাউস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের আওতাধীন স্থল কাস্টমস স্টেশনের মাধ্যমে রপ্তানি সম্পন্ন করতে আগ্রহী, সে সকল অফিস কোড ও তদ্ব্যবস্থিষ্ট AIN সমূহ নির্বাচনপূর্বক আবেদন দাখিল করবেন:

(খ) কাস্টমস হাউস বা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটের আওতাধীন স্থল কাস্টমস স্টেশনের দায়িত্বপ্রাপ্ত সহকারী/উপ কমিশনার <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে উক্ত আবেদন অনুমোদন করবেন;

(গ) <https://bdcams.bdcustoms.gov.bd>-এ ট্যাগিং আবেদন অনুমোদনের পর সংশ্লিষ্ট আইটি কর্মকর্তা ASYCUDA World সিস্টেমে AIN, BIN ট্যাগিং সম্পন্ন করবেন;

(ঘ) ট্যাগিং আবেদন অনুমোদন ও ASYCUDA World সিস্টেমে অন্তর্ভুক্তির ক্ষেত্রে First In First Out (FIFO) পদ্ধতি অনুসরণ করতে হবে এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ট্যাগিং কার্যক্রম মনিটরিং করা হবে;

(ঙ) কোন রপ্তানিকারক তাঁর BIN এর বিপরীতে মনোনীত AIN প্রত্যাহার করতে হলে <https://bdcams.bdcustoms.gov.bd> -এর মাধ্যমে আবেদন করবেন। সহকারী/উপ কমিশনার কর্তৃক প্রত্যাহার আবেদন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।

www.cbc.gov.bd

নথি নং-৫(১৩)০৩/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২৫

১/৬৬২২(২)

তারিখ: ২৭/১০/২০২৬ খ্রি.

বিষয়: ASYCUDA World সিস্টেমে রপ্তানির নিমিত্তে BIN নম্বরের বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম চালুকরণ।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ড এর পত্র নং-০৮.০১.০০০০.০০০.০৬৬.৯৯.০০২১.২১.১৬৩, তারিখ: ২৩.০৯.২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে এ দপ্তরকে অবহিত করা হয় যে, ১লা অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ হতে <https://bdcams.bdcustoms.gov.bd> ব্যবহার করে রপ্তানির নিমিত্তে BIN এর বিপরীতে AIN ট্যাগিং কার্যক্রম শুরু করা হয়েছে। AIN ও BIN ট্যাগিং কার্যক্রম আগামী ৩১ অক্টোবর, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। উল্লিখিত ট্যাগিং কার্যক্রম সম্পন্ন হলে ASYCUDA World সিস্টেমে মনোনীত AIN ও BIN ব্যতীত অন্য কোনো AIN ও BIN ব্যবহার করে রপ্তানি কার্যক্রম সম্পাদন করা যাবে না।

০৩। এমতাবস্থায়, আপনাদের এসোসিয়েশনভুক্ত সংশ্লিষ্ট সদস্যদেরকে বর্ণিত বিষয়টি অবহিত করার জন্য এবং উক্ত বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ (এক পাতা)।


২৭/১০/২৬
[এ.কে.এম আহসান হাবীব]
সহকারী কমিশনার
কমিশনারের পক্ষে
(১)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস- ৭/৭ এ, সেক্টর -১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা।
২. সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪ নবাব সলিমউল্লা রোড, চাষাড়া, নারায়নগঞ্জ-১৪৫২।
৩. সভাপতি/প্রশাসক, বিজিএপিএমইএ, বেলকুচি হাউস, ২৭৩/৩, পশ্চিম মানিকদি (৩য় তলা), ইসিবি চত্তর মিরপুর, ঢাকা ক্যান্টনম্যান্ট, ঢাকা।
৪. সভাপতি, এলএফএমইএবি, টিএ ৯৪/বি (১ম ও ২য় তলা), মধ্যবাড্ডা, গুশলান লিংক রোড, ঢাকা।
৫. সভাপতি, বিটিএমএ, লেভেল-৮, ইউটিসি ভবন, ৮ পাছপথ, কারওয়ান বাজার, ঢাকা।
৬. সভাপতি, বাংলাদেশ প্লাস্টিক গুডস ম্যানুফ্যাকচার এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন, ৬ষ্ঠ তলা, সুইট-৬০৩/৬০৪, পল্টন টাওয়ার, ৮৭, পুরাতন পল্টন লাইন, ঢাকা।
৭. সভাপতি, বিটিএ, ৫৭/এ (দ্বিতীয় তলা), রোড-৪/এ, সাত মসজিদ রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৮. সভাপতি/সাধারণ সম্পাদক, কাস্টমস বন্ড কমার্শিয়াল এক্সিকিউটিভ ওয়েলফেয়ার এসোসিয়েশন ৩৪২/১, সেগুনবাগিচা (নীচ তলা), ঢাকা-১০০০।
৯. অতিরিক্ত/যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
১০. উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
১১. সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
১২. সহকারী রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (পত্রটি আপনার আওতাধীন বন্ডেড প্রতিষ্ঠানসমূহের মালিক/পরিচালক/প্রতিনিধিকে হস্তান্তরের জন্য বিশেষ নির্দেশনা দেয়া হলো)

নথি নং-৫(১৩)০৩/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২৫

তারিখ: ১০/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. দ্বিতীয় সচিব (কাস্টমস: অটোমেশন), জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, প্লট এফ ১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২. পি এ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা(দক্ষিণ), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

[এ.কে.এম আহসান হাবীব]
সহকারী কমিশনার